



## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত অনুরণীয় নির্দেশাবলী:

কিশোরগঞ্জ জেলার ০৬টি সংসদীয় আসনের প্রয়োজনীয় তথ্যাদিঃ

নির্বাচনি এলাকার নম্বর ও নাম	মোট ভোটার সংখ্যা	স্বতন্ত্র প্রার্থীর জন্য ১% ভোটার সংখ্যা	জামানতের পরিমাণ	হবিছাড়া ভোটার তালিকার সিডি সংগ্রহ বাবদ জমাকৃত টাকার পরিমাণ (প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- এবং পৌরসভার প্রতি সাধারণ ওয়ার্ডের জন্য ৫০০/- হারে)	নির্বাচনি ব্যয় (ভোটার প্রতি ১০/- হারে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা)
১৬২ কিশোরগঞ্জ-১	৫১৪০১৭	৫১৪১	২০,০০০/-	১৭,৫০০/-	২৫ (পঁচিশ) লক্ষ টাকা
১৬৩ কিশোরগঞ্জ-২	৪৯৩৭৭২	৪৯৩৮	২০,০০০/-	১৮,০০০/-	২৫ (পঁচিশ) লক্ষ টাকা
১৬৪ কিশোরগঞ্জ-৩	৪১৩৬৪৭	৪১৩৭	২০,০০০/-	১৩,৫০০/-	২৫ (পঁচিশ) লক্ষ টাকা
১৬৫ কিশোরগঞ্জ-৪	৩৮২২৫০	৩৮২৩	২০,০০০/-	১২,০০০/-	২৫ (পঁচিশ) লক্ষ টাকা
১৬৬ কিশোরগঞ্জ-৫	৩৩০৭৬৫	৩৩০৮	২০,০০০/-	১৩,৫০০/-	২৫ (পঁচিশ) লক্ষ টাকা
১৬৭ কিশোরগঞ্জ-৬	৩৯৯২৪২	৩৯৯৩	২০,০০০/-	১৭,০০০/-	২৫ (পঁচিশ) লক্ষ টাকা

হবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়: ট্রেজারী চালানের কোড নম্বর-১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩

জামানত: ট্রেজারী চালানের কোড নম্বর- ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১

\*\*\* উল্লেখ্য, সকল জমা অটোমেটেড চালান (এ- চালান) সিস্টেমের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

### মনোনয়নপত্র দাখিলের সময় যে সকল দলিলাদি সংযুক্ত করতে হবে

- মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর স্বাক্ষর করতে হবে।
- প্রার্থীর সদ্য তোলা ০৩ কপি রজিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে লাগাতে হবে।
- ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প নির্ধারিত ছকে ৮ প্রকারের তথ্য সম্বলিত হলফনামা ম্যাজিস্ট্রেট/নোটারি পাবলিক এর মাধ্যমে যথাযথভাবে পূরণ করতে হবে (হলফনামার কোন ঘর খালি রাখা যাবেনা, প্রযোজ্য না হলে প্রযোজ্য নয় লিখতে হবে অথবা কেটে দিতে হবে।)
- নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী (ফরম-২০)
- সম্পদ ও দায় এবং বাৎসরিক আয় ও ব্যয়ের বিবরণী (ফরম-২১)
- ১২ ডিজিটের টিআইএন সনদের কপি, সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের কপি এবং আয়কর পরিশোধের প্রমাণপত্রের কপি (আইটি ১০বিসহ)
- জামানতের টাকা জমাদানের মূল ট্রেজারী চালান/রশিদ/ব্যাংক ড্রাফট এর কপি
- জাতীয় সংসদ সদস্য পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে রাজনৈতিক দলের মনোনয়ন অথবা স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ০১ (এক) শতাংশ ভোটারের সমর্থন সম্বলিত স্বাক্ষরযুক্ত তালিকা (প্রতি পৃষ্ঠায় প্রার্থীর অনুস্বাক্ষর ও শেষ পৃষ্ঠায় স্বাক্ষর প্রদান করতে হবে এবং ক্রমিক নম্বর ধারাবাহিকভাবে লিখতে হবে)। তবে শর্ত থাকে যে, কোন স্বতন্ত্র প্রার্থী ইতিপূর্বে সংসদ সদস্য পদে নির্বাচিত হইয়া থাকিলে তার জন্য উক্ত তালিকা প্রদানের প্রয়োজন হইবে না; তবে সেক্ষেত্রে পূর্ববর্তী নির্বাচনে নির্বাচিত হবার গেজেট সংযুক্ত করতে হবে।
- মনোনয়নপত্র দাখিলের পূর্বে প্রার্থীকে যেকোন তফসিলি ব্যাংকে একটি নতুন একাউন্ট খুলতে হবে। যার নম্বর, ব্যাংক ও শাখার নাম মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। নির্বাচনের সমুদয় ব্যয় এই একাউন্ট নম্বর হতে করতে হবে।
- প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ভোটার তালিকার সংশ্লিষ্ট পৃষ্ঠা সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নাম, বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর নাম ইংরেজী Capital letter এ আলাদা কাগজে লিখে মনোনয়নপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- মনোনয়নপত্রসহ সকল কাগজপত্রাদি A-4 সাইজের কাগজে ফটোকপি করে মূল কপিসহ ০৩ সেট জমা দিতে হবে।

অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে। অনলাইনে মনোনয়ন দাখিল করতে ভিজিট করুন:

[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) (অনলাইন মনোনয়ন পত্র দাখিল লিংকে ক্লিক করুন)।

বিশেষ দৃষ্টব্য: মনোনয়নপত্র কালো বলপয়েন্ট কলম দ্বারা স্পষ্ট হাতাকরে পূরণ করুন। ফাইল ব্যবহার এবং কাটাকাটি/ঘষামাঝা করবেন না।